# STREAM নীতি সংক্ষিপ্তসার

www.streaminitiative.org

সংখ্যা ১

ফেব্রুয়ারী -- ২০০৫

সংক্ষেপে

**এটা কি বিষয়ে?**
লোকেরা নীতি পরিবর্তনে রাজী হচ্ছে

**পড়ুন যদি...**
... আপনি নীতি পরিবর্তন করতে চান

**এতে আছে:**

- জীবিকা নির্বাহনের প্রসঙ্গকে বোঝা, যার জন্য নীতি কার্যকারী হবে।
- বর্তমান নীতির সম্বন্ধে তাদের মতামত এবং পরিবর্তনের জন্য সুপারিশগুলিকে সেইসব লোকেদের কাছ থেকে সংগ্রহ করা, যারা নীতি এবং সেবার গ্রহনকারী।
- নাটক, অধ্যয়ন ঘটনা, কার্য্যশালা, অনান্য জায়গা থেকে প্রাপ্ত শিক্ষার সাহায্যে ধারনাগুলির আদান প্রদান করা।
- নীতির পরিবর্তনের জন্য ঐক্যমত গঠন

"পদাধিকার পদ্ধতিকে পরিত্যাগ করে সিদ্ধান্ত গঠন করে"

"পুন:রুক্ত অবদান এবং যত্নশীল মতামতের সহিত অংশগ্রহনে সাহায্য করে"

"দলের প্রতিক্রিয়াগুলি তুলনা করে, অনুরুপ প্রতিক্রিয়ার সংখ্যা দেখে একটি সিদ্ধান্তে উপনীত হয়"

রীতিসিদ্ধ ভাবে অথবা রীতিসিদ্ধবিনা, বড় অথবা ছোট দলে কাজ করে।

ইহা নীতি তৈরীর ক্ষেত্রে লোকেদের বক্তব্যকে সামনে তুলে ধরতে সাহায্য করে এবং নীতি নির্ধারক এবং রুপায়নকারীদের এই নতুন ধারনা গুলির বিষয়ে স্বাধীনভাবে সমালোচনা করার সুযোগ দেয়।

ইহা সিদ্ধান্ত নেবার জন্য নীতি পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ অগ্রগন্যতার সুযোগ দেয়।

সংক্ষিপ্তসার ...

## ঐক্যমত গঠন

... দুই পৃষ্ঠায় অথবা তারও কম

**যদি আপনি এই নীতি সংক্ষিপ্তসার পড়ে কোন একটা কিছু করতে পারেন, তাহলে করুন...**
নীতি এবং সেবার গ্রহনকারীদের নীতির পরিবর্তনের সুপারিশ করতে সক্ষম করুন এবং পরিবর্তনের জন্য নীতি নির্ধারক এবং রুপায়নকারীদের মধ্যে ঐক্যমত গঠন করুন

### সংক্ষিপ্তসার ...

কার্যকারী নীতি তৈরী করতে হলে জীবিকা নির্বাহনের প্রসঙ্গকে আমাদের ভালোভাবে বুঝতে হবে যার জন্য নীতি কার্যকারী হবে।

লোকেদের কাছে থাকা সম্পদ ও বিভিন্ন প্রকারে তার ব্যবহার, তাদের দারিদ্রতা এবং তা থেকে তাদের যোঝার ক্ষমতা, এবং কিভাবে নীতিগুলি লোকেদের জীবিকা নির্বাহনের উদ্দেশ্যে সবচেয়ে ভালোভাবে সাহায্যকারী হবে তা তাড়াতাড়ি বোঝা সম্ভব নয় এবং সহজ নয়। এই সকল ব্যাপার আমরা তাদের কাছথেকে ভালোভাবে বুঝতে পারবো যারা নীতি এবং সেবার গ্রহনকারী। তাদের সাথে বিশ্বস্ততার সম্পর্ক তৈরী করার জন্য এবং এইসকল কথা বোঝার সাহায্যের জন্য বিভিন্ন কলাকৌশল, সম্পদ এবং শিক্ষন আছে।

লোকেদের জীবনের সম্বন্ধে বোঝার সাথে সাথে, আমরা তাদের কাছ থেকে বর্তমান নীতি এবং সেবার সম্বন্ধে তাদের অভিজ্ঞতা জানতে পারি এবং পরিবর্তনের জন্য তাদের মতামত এবং সুপারিশগুলিকে সংগ্রহ করতে পারি।

নীতি নির্ধারক ও রুপায়নকারীর এবং স্থানীয় গোষ্ঠীদের মধ্যে বেশীরভাগ সময়েই যথেষ্ট পার্থক্য থাকে, যাদের সাহায্যের জন্য নীতি বানানো হয়। তাদের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে ভাষাসম্বন্ধীয়, সাংস্কৃতিক এবং সামাজিক-অর্থনৈতিক বাধা থাকে। শীঘ্র তথ্য আদানপ্রদানের বিশেষ পদ্ধতি আছে, উদাহরনস্বরুপ, কৃষক এবং মৎসকৃষকদের জীবনযাপনকে ছবিতে তুলে ধরতে সাহায্য করা, অথবা অধ্যয়ন ঘটনার উপর পথ-নাটিকা তৈরী করার কার্যভার নেওয়া এবং তারপরে নীতি কার্য্যশালায় এইসকলের প্রদর্শন যা এক পরিস্কার বক্তব্যকে সামনে তুলে ধরে এবং তার সাথে সাথে অনান্য জায়গা থেকে প্রাপ্ত শিক্ষার আদানপ্রদান।

- গোষ্ঠীর লোকেদের মাঝে যান এবং জীবিকা নির্বাহনের প্রসঙ্গকে বুঝুন যার জন্য নীতি কার্যকারী হবে,
- বর্তমান নীতির সম্বন্ধে তাদের মতামত এবং পরিবর্তনের জন্য সুপারিশগুলিকে সেইসব লোকেদের কাছ থেকে সংগ্রহ করুন, যারা নীতি এবং সেবার গ্রহনকারী, এবং
- নাটক, অধ্যয়ন ঘটনা, কার্য্যশালা, অনান্য জায়গা থেকে প্রাপ্ত শিক্ষার ধারনা গুলিকে আদান প্রদান করুন।

⟶এইগুলি, প্রধান বিষয়, নীতি যে প্রসঙ্গের জন্য কার্যকারী, কোন বর্তমান নীতির ঘাটতি, পরিবর্তনের জন্য সুপারিশগুলিকে বুঝতে সাহায্য করে।

সংক্ষিপ্তসার ...নীতির পরিবর্তনের জন্য ঐক্যমত গঠন

সুপারিশ থেকে নীতি সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য দরকার আলেচনার এবং ঐক্যমত গঠন করা । ঐক্যমত গঠনের প্রক্রিয়া সাহায্য করে একটি রাজনৈতিক অথবা আবেগময় পরিবেশে সিদ্ধান্ত গ্রহনে, অথবা সেই সিদ্ধান্ত গ্রহনে যা কড়া বিরোধকে প্রভাবিত করে, দলগত সিদ্ধান্তের উপকারিতার ব্যবহারে, যেখানে কিছু অসুবিধাকে পরিহার করা হয় ।

## পরিবর্তনের জন্য ঐক্যমত গঠন

একদল নীতি নির্ধারক এবং রুপায়নকারীদের (রাষ্ট্রীয়, প্রাদেশিক এবং স্থানীয় স্তরের) সমবেত হওয়া । যেখানে দলের প্রত্যেক সদস্য দলের অপর সদস্যগনকে জানবে, কিন্তু তারা পৃথকভাবে কাজ করবে; তথ্য প্রদান করবে এবং নিয়ামক ব্যাক্তির সাহায্যে নামবিহীনরুপে সিদ্ধান্ত গ্রহন করবে ।

নিয়ামক ব্যাক্তি নীতি পরিবর্তনের জন্য প্রসঙ্গ এবং মনোনয়ন সম্বন্ধিত তথ্য প্রদান করে (নীতি এবং সেবার গ্রহনকারীদের কাছ থেকে প্রাপ্ত), প্রত্যেক অংশগ্রহনকারীদের বলে, নীতি পরিবর্তনের জন্য মনোনয়ন তালিকা শ্রেনীবদ্ধ করতে, সকলের প্রতিক্রিয়াগুলি পরস্পরের সাথে মিলিয়ে দেখে তারপরে নামবিহীন দলের প্রতিক্রিয়াগুলি তাদের প্রত্যেককে ফিরিয়ে দেয় । ঐক্যমত গঠনের অংশগ্রহনকারীরা নামবিহীনরুপে বক্তব্যকে স্বীকার অথবা অস্বীকার করার জন্য স্বাধীন, একক যুক্তির সাহায্যে অন্যদেরকে উৎসাহিত করতে পারে তাদের চিন্তাধারার পরিবর্তনের জন্য । নিয়ামক ব্যাক্তি সকলের সামনে তুলে ধরে কোন নতুন উদ্ভূত ঐক্যমত, এবং ভিন্ন মত পোষনকারী অংশগ্রহনকারীরা সেই ঐক্যমত গ্রহন করতে পারে অথবা কেন অন্যেরা তাদের চিন্তাধারার পরিবর্তন করবে সেই বিষয়ে পরবর্তী যুক্তি-তর্কের প্রস্তাব দিতে পারে ।

⟶ এর ফলে দলের সকল সদস্যরা নিজেদের মতামত স্বাধীনভাবে ব্যক্ত করতে পারে এবং অপরের নামবিহীন সিদ্ধান্তের সমলোচনাপূর্ন প্রতিক্রিয়া জানাতে পারে, যেখানে দলের অত্যধিক প্রভাবশালী সদস্যদের এবং বয়স্ক পদাধিকারীদের মতানুবর্ত্তিতা পরিহার করা যায় ।

বেশ কয়েকবার পুনরাবৃত্তির দ্বারা, সাধারনত: চার বারের বেশী নয়, চিন্তাধারার ঐক্যতার মূল বোঝা যায় ।

⟶ গোষ্ঠীর মধ্যে থেকে পরিবর্তনের জন্য সুপারিশ গ্রহন করা, গ্রহনকারীদের বক্তব্যকে সবার সামনে তুলে ধরে; নিয়ামক ব্যাক্তি, নামবিহীন পুনরুল্লেখ এবং নিয়ন্ত্রিত মতামত নীতি নির্ধারক এবং রুপায়নকারীদের এই প্রক্রিয়ায় পূর্নরুপে অংশগ্রহনের সুযোগ দেয় ।
ইহা পরিস্কারভাবে সকলের সামনে নীতি পরিবর্তনের জন্য মনোনিত অগ্রগন্যতাকে তুলে ধরে- যা গ্রহনকারীদের কাছ থেকে পাওয়া এবং নীতি নির্ধারক এবং রুপায়নকারীদের দ্বারা সম্মত- যার ভিত্তিতে নীতি পরিবর্তনের সিদ্ধান্ত আধারিত থাকে ।

### এই বিষয়ে অনান্য তথ্যের সূত্র :

- 'আর' ৮১০০ জলীয় কৃষির দ্বারা গরীব লোকেদের সেবার সুযোগের জন্য উন্নত নীতির সন্ধান, বারোটি রিপোর্ট ('আই এস বি এন' ৯৭৪-৭৩১৩-৬৩-৪) http://www.streaminitiative.org/Library/India/india.html
- 'আর' ৮৩৩৪ গরীবদের জন্য নীতির শিক্ষনের বিষয়ে উৎসাহদান যা 'আর' ৮১০০ থেকে এবং ভারতের মূখ্য নীতি নির্ধারক থেকে প্রাপ্ত, আটটি রিপোর্ট http://www.streaminitiative.org/Library/pdf/pdf-india/StakeholdersMeeting.pdf

### এইগুলি কোথার থেকে এসেছে?

নীতি সংক্ষিপ্তসার প্রতিবেদনগুলি নেটওর্য়াক অফ একুয়াকালচার সেন্টারস ইন এশিয়া প্যাশিফিকের (নাকা) সাপোর্ট টু রিজিওনাল একুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট (স্ট্রীম) ইনিশিয়েটিভ দ্বারা তৈরি ।
নীতি সংক্ষিপ্তসার সংখ্যা ১এ বর্ননা করা হয়েছে কৃষক, মৎসকৃষক, স্থানীয়, জেলা, রাজ্য, কেন্দ্রীয় সরকার এবং বেসরকারী অংশীদারদের অভিজ্ঞতা যা ইউ কে গভর্মেন্ট ডি এফ আই ডি ন্যাচারাল রিসোর্সেস সিস্টেম প্রোগাম প্রজেক্ট 'আর' ৮১০০ 'জলীয় কৃষির দ্বারা গরীব লোকেদের সেবার সুযোগের জন্য উন্নত নীতির সন্ধান' (সময়সীমা ছিল মার্চ ২০০২ থেকে এপ্রিল ২০০৩) থেকে প্রাপ্ত, যার উদ্দেশ্য ছিল গ্রামীন জীবিকার উন্নতির লক্ষ্যে উন্নত গ্রামীন সেবা প্রদানের উদ্দ্যেশে পদ্ধতির চিহ্নিতকরন, পরীক্ষামূলক ব্যবহার এবং ব্যবহারে উৎসাহদান, যেখানে জলীয় কৃষির সাহায্যকারী সেবার উপরে বেশী গুরুত্ব দেওয়া হয়েছিল । বিশদ তথ্যের জন্য দেখুন www.streaminitiative.org/Library/India/india.html অথবা যোগাযোগ করুন

স্ট্রীম, নাকা, সরস্বাদী বিল্ডিং, মৎসবিভাগীয় পরিষদ, ক্যাসাকার্ট বিশ্ববিদ্যালয়, লাদেয়ো, জাতুজক, ব্যাঙ্কক ১০৯০০ থাইল্যান্ড, ফ্যাক্স (৬৬২)৫৬১-১৭২৭, ফোন (৬৬২)৫৬১-১৭২৮